

# ইতিহাস

আজকের বিষয়

প্রথম শহর, সমাজ ও প্রথম কৃষক ও পশুপালক

(দ্বিতীয় ভাগ)

১) মানব সভ্যতার ক্রমবিবর্তনের বিস্ময়কর আবিষ্কার কি?

✓ পাথর ঘষে আগুনের আবিষ্কার

২) কত বছর পূর্বে পৃথিবীর শীতল অবস্থা কাটিয়ে উষ্ণতা বাড়ার ফলে বহু তৃণভূমি অঞ্চলের সৃষ্টি হয়?

✓ ১২,০০০ বছর পূর্বে

৩) তৃণভূমি আবির্ভাবের ফলে কোন তৃণভোজী প্রাণী দেখা যায়?

✓ হরিণ, কৃষ্ণসার মৃগ, ছাগল, ভেড়া, গরু ও মহিষ

৪) তৃণভূমি অঞ্চলের সৃষ্টির ফলে মানুষ কি রকমের প্রাণী পোষ মানতে শুরু করে?

✓ শান্ত স্বভাবের প্রাণী যেমন গোরু, মোষ, ছাগল ও ভেড়া

৫) তৃণভূমি সৃষ্টির পর মানুষ কি ফসল উৎপাদন শুরু করে?

✓ ধান, গম ও বালি

৬) ভারতের কোন কোন অঞ্চলে আদিম মানুষের গুহায় নানা ধরনের আঁকা ও খোদাই করা চিত্রের অস্তিত্ব খুঁজে পাওয়া যায়?

✓ মধ্যপ্রদেশ ও উত্তরপ্রদেশের দক্ষিণ অঞ্চল

৭) গুহা চিত্রগুলির মুখ্যবিষয় কি ছিল?

✓ শিকার ও শিকারিই

৮) গুহায় কিসের চিত্র আদিম মানুষেরা খোদাই করতো?

✓ বন্য জন্তুজানোয়ারের চিত্র ও নানা ভঙ্গিমায় কিছু মানুষের চিত্র

৯) আদিম মানুষেরা কি কি কাজ করতো?

✓ আদিম মানুষেরা পশু শিকার, জঙ্গল থেকে ফলমূল সংগ্রহ, পাথর খোদাই করে জিনিসপত্র বানানো এবং গুহার হয়ে চিত্র অঙ্কন প্রভৃতি কাজ আদিম মানুষেরা করতো।

১০) কোন বন্য পশুকে মানুষ প্রথম পোষ মানাতে শুরু করে?

✓ বুনো কুকুর

১১) মানব সভ্যতায় কৃষি উৎপাদনের মূল কৃতিত্ব কাদের?

✓ মেয়েদের

১২) মানুষ কখন যাযাবর জীবন ত্যাগ করে স্থায়ী বাসস্থান গড়া শুরু করে?

✓ যখন মানুষ কৃষি ও পশুপালন শুরু করে

১৩) গৃহপালিত পশুর মধ্যে প্রথম পশু কি ছিল?

✓ মেঘ ও ছাগল

১৪) প্রত্নতত্ত্ববিদরা ভারতীয় উপমহাদেশের কোন কোন অঞ্চলে প্রাচীন যুগের কৃষক ও পশুপালক অস্তিত্ব খুঁজতে সক্ষম হয়েছেন?

✓ ক) কাশ্মীরের বার্জাহোম

খ) মেহেরগড় (বর্তমান পাকিস্তান)

গ) পশ্চিমবঙ্গের চিরান্ত

ঘ) উত্তর পূর্ব ভারতের দাওজলী হেডিং

ঙ) তামিলনাড়ুর পুয়ামপল্লী

১৫) কোন অঞ্চলে প্রাচীন গ্রামের অস্তিত্ব খুঁজে পাওয়া যায়?

✓ মহারাষ্ট্রের ইরামগাও

১৬) ভারতের কোন কোন অঞ্চলে আদিম যুগের গৃহপালিত পশুর হাড় এবং খাদ্যশস্যের অস্তিত্ব খুঁজে পাওয়া যায়?

✓ ক) মেহেরগড় ( বর্তমানে পাকিস্তানে)

খ) কোলদিওয়া ও মহাগড়া ( বর্তমানে উত্তরপ্রদেশ)

গ) গুফক্রাল ও বার্জাহোম ( বর্তমান কাশ্মীর)

ঘ) ছিরান্দ ( বর্তমান বিহার)

### ঙ) হাল্লুর ( বর্তমান অন্ধ্রপ্রদেশ)

১৭) গোষ্ঠী ও উপজাতি কিভাবে তৈরি হয়?

✓ যখন মানুষ কৃষিকাজ ও পশুপালন শেখা শুরু করে তখন মানুষ যৌথ বদ্ধভাবে বসবাস শুরু করে এই এক একটি দলকে বলা হত গোষ্ঠী ও উপজাতি। প্রতিটি গোষ্ঠীর নিদিষ্ট কিছু আচার – আচরণ বা রীতিনীতি ছিল।

১৮) কৃষিকাজের দায়িত্ব মূলত কার উপর ছিল?

✓ মেয়েদের উপর

১৯) মেহেরগড় সভ্যতার সময়কাল কত?

✓ খ্রিস্টপূর্ব ৭০০০ থেকে খ্রিস্টপূর্ব ২০০০

২০) দক্ষিণ এশিয়াতে অবস্থিত কোন সভ্যতা কৃষি, পশুপালন ও মৃৎ পত্রের প্রাচীনতম নিদর্শন?

✓ মেহেরগড় সভ্যতা

২১) কোন সভ্যতার মানুষেরা জন্মান্তরবাদ বিশ্বাস করতেন?

✓ মেহেরগড় সভ্যতার মানুষ

২২) মেহেরগড় সভ্যতায় মৃত ব্যক্তির কবরে মৃত ব্যক্তির সঙ্গে কোন প্রাণীকে কবর দেওয়া হতো?

✓ ছাগল

# সমাপ্ত

## ধন্যবাদ

